দৈনিক ইনকিলাব

013

18 MAR 1988

তারিখ ... ১ ...

পৃষ্ঠা ... কলাম ... ৬ ...

### প্রথম দিনেই ৮২৫ জন বহিষ্কার

# গোলযোগ ও গণ-টোকাটুকির মধ্যে এসএসসি পরীক্ষা শুরু

॥ স্টাফ রিপোর্টার ॥

ব্যাপক গোলযোগ, গোলাগুলী, গ্রেফতার, ধাওয়া, পাল্টা ধাওয়া, বোমাবাজি, বহু বহিষ্কার এবং ব্যাপক গণ-টোকাটুকির মধ্যদিয়ে গতকালের এসএসসি পরীক্ষার প্রথম দিন অতিবাহিত হয়েছে।

প্রাপ্ত খবর অনুযায়ী গতকাল পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে ঢাকা বোর্ডে ৭০ জন, কুমিল্লা বোর্ডে ৩৫ জন, যশোর বোর্ডে ৩শ' ২৭ জন এবং রাজশাহী বোর্ডে ৩শ' ৯৪ জনসহ মোট ৮শ' ২৬ জনকে বহিষ্কার করা হয়েছে।

দর্শনার মেম নগর উপকেন্দ্রে পুলিশ গোলযোগকারীর উপর ১৩ রাউণ্ড গুলী চালালে দর্শনা কলেজের একজন ছাত্র গুলীবিদ্ধ হয়। উক্ত কেন্দ্রে উচ্ছৃঙ্খলকারীর ইট-পাটকেলে ১০ জন

শেষ পৃঃ ৬-এর কঃ দেখুন

## কুমিল্লায় ৩টি পরীক্ষা কেন্দ্র বাতিলে ছাত্রদের অশেষ দুর্ভোগ প্রতিবাদে বিক্ষোভ

### হল ব্যবস্থাপনায় ত্রুটি রাস্তায় ও গাছতলায় বহু ছাত্রের বিনিদ্র রজনীযাপন

গুণবতী, ১৭ মার্চ (সংবাদদাতা)।— চলতি এসএসসি পরীক্ষায় গুণবতী, বাতিসা ও চুয়ারা কেন্দ্র তিনটি আকস্মিকভাবে বাতিল করার ফলে শত শত পরীক্ষার্থী অবর্ণনীয় দুর্দশায় পতিত হয়েছে। বাতিল কেন্দ্রগুলোর সব ছাত্র-ছাত্রীকে এখন চৌদ্দগ্রাম গিয়ে পরীক্ষা দিতে বাধ্য করা হচ্ছে। গত রাতে চৌদ্দগ্রামের রাস্তায় রাস্তায় ছাত্র-ছাত্রীরা রাত কাটিয়েছে। স্থানের অভাবে আজ দু'টি পরীক্ষার পর অসংখ্য ছাত্র-ছাত্রী এবং তাদের অভিভাবক উন্মুক্ত আকাশের নীচে দাঁড়িয়ে সিদ্ধান্তহীনতায় ভুগতে দেখা গেছে। ওদিকে অকস্মাৎ জনগণের ভীড় বেড়ে যাওয়ার ফলে চৌদ্দগ্রামে জিনিষপত্রের মূল্য দ্বিগুণ-তিনগুণ বৃদ্ধি পেয়েছে।

গত ১৫ মার্চ রাত ১০টা পর্যন্তও গুণবতীতে পরীক্ষা কেন্দ্র ছিল বলে শিক্ষকরা জানিয়েছেন। রাত ১২টায় অকস্মাৎ গুণবতী পরীক্ষা কেন্দ্র বাতিলের খবর ছড়িয়ে পড়ার সাথে সাথে ছাত্র-ছাত্রীরা বিক্ষোভ মিছিল বের করে। একপর্যায়ে বিক্ষুব্ধ ছাত্ররা রেল স্টেশনের ইন্টারলক পদ্ধতি নষ্ট করে দেয়। ফলে, সকাল ৬টা পর্যন্ত এ পথের সকল ট্রেন বন্ধ থাকে। সকাল ৮টায় পুলিশ এসে ৫ রাউণ্ড ফাঁকা গুলী ছুঁড়লে ছাত্র-জনতা ছত্রভঙ্গ হয়ে যায়। কিছুক্ষণ পর পুনরায়

শেষ পৃঃ ৭-এর কঃ দেখুন

## এসএসসি পরীক্ষা

প্রথম পৃষ্ঠার পর

পুলিশ আহত হয়েছে বলে আমাদের সংবাদদাতা জানিয়েছেন।

এছাড়া ঈশ্বরদীতে ৩ জনকে নকলের দায়ে বহিষ্কার করায় সেখানে দু'টি বোমা বিস্ফোরিত হয়।

পঞ্চগড় কেন্দ্রে ব্যাপক গণ-টোকাটুকির খবর সংগ্রহে সাংবাদিকদের বাধা প্রদান করা হয় বলে জানা গেছে।

গতকাল ঢাকা মহানগর কেন্দ্রে শান্তিপূর্ণভাবে পরীক্ষা অনুষ্ঠিত হয়। কাউকে বহিষ্কার করা হয়নি।

## ছাত্রদের দুর্ভোগ

প্রথম পৃষ্ঠার পর

ছাত্ররা বিক্ষোভে ফেটে পড়ে। সকাল ১১টায় কুমিল্লার জেলা প্রশাসক ও কুমিল্লা বোর্ড কর্তৃপক্ষের কয়েকজন কর্মকর্তা এসে এই বলে ছাত্রদের সান্ত্বনা দেন যে, কেবল গুণবতী নয়, মোট ১৫টি কেন্দ্র বাতিল করা হয়েছে। গতকালের ঐ ঘটনার পর ছাত্র-ছাত্রীরা এখান থেকে ১৬ মাইল দূরে চৌদ্দগ্রামে পরীক্ষায় অংশ নিতে যায়। কিন্তু স্থানাভাবে বহু ছাত্র-ছাত্রীকে নিয়ে তাদের অভিভাবকরা রাস্তায় এবং গাছের নীচে বিনিদ্র রাত কাটাতে বাধ্য হন। সকালে ছাত্র-জনতার ভীড়ে চৌদ্দগ্রামের হোটেল, রেস্তোরাঁয় স্থানাভাব দেখা দেয়। তবে কিছুসংখ্যক ছাত্র-ছাত্রী তাদের আত্মীয় পরিচিতদের বাড়ীতে অথবা ভাড়া করা ঘরে উঠেছে। আজ এ রিপোর্ট লেখার সময় বহু ছাত্র ও অভিভাকদেরকে দলবেধে পরীক্ষার দিন চৌদ্দগ্রাম যাওয়া-আসা করার জন্যে রিজার্ভ বাসের ব্যবস্থা করতে দেখা গেছে। উল্লেখ্য, একমাত্র গুণবতী থেকেই এ বছর ২০৬ জন ছাত্র-ছাত্রী এসএসসি পরীক্ষায় অংশ নিচ্ছে। ওদিকে চৌদ্দগ্রামের মাত্র ৪টি শিক্ষায়তনে ২৬শ' ছাত্র-ছাত্রীর পরীক্ষার ব্যবস্থা করা হয়েছে বলে জানা যায়। ফলে, হল ব্যবস্থাপনায় মারাত্মক ত্রুটি-বিচ্যুতি লক্ষণীয় হয়ে উঠে।